# আল-ক্বিয়ামাহ | Al-Qiyama | ٱلْقِيَامَة

আয়াতঃ ৭৫ : ৯

## আরবি মূল আয়াত:

وَ جُمِعَ الشَّمۡسُ وَ الۡقَمَرُ ﴿۹﴾

## অনুবাদসমূহ:

আর চাঁদ ও সূর্যকে একত্র করা হবে। — আল-বায়ান

সুরুজ আর চাঁদকে একত্রে জুড়ে দেয়া হবে, — তাইসিরুল

যখন সূর্য ও চাঁদকে একত্র করা হবে। — মুজিবুর রহমান

And the sun and the moon are joined, — Sahih International

৯. আর যখন সূর্য ও চাঁদকে একত্র করা হবে(১)—

(১) চাঁদের আলোহীন হয়ে যাওয়া এবং চাঁদ ও সূর্যের পরস্পর একাকার হয়ে যাওয়ার অর্থ, মুজাহিদ বলেন, দু'টিকে একত্রে পেচানো হবে। [আত-তাফসীরুস সহীহ]

তাফসীরে জাকারিয়া

(৯) যখন সূর্য ও চন্দ্রকে একত্রিত করা হবে। [1]

[1] অর্থাৎ, জ্যোতিবিহীন হওয়াতে একরকম করা হবে। অর্থাৎ, চাঁদের মত সূর্যের জ্যোতিও শেষ হয়ে যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5560

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন